**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 26-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**১) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যে সর্বক্ষেত্রেই উন্নয়ন তরান্বিত হয়েছে ।**

**২) তপশিলি জাতি কল্যাণ, প্রাণী সম্পদ বিকাশ ও মৎস্য দপ্তরের মন্ত্রী সুধাংশু দাসের পৌরোহিত্যে আজ পশ্চিম ত্রিপুরা জেলা শাসকের কার্যালয়ে পশ্চিম জেলা ভিত্তিক একটি পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয় ।**

**৩) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জোর দিয়ে বলেছেন যে তরুণদের শক্তির কারণে বিশ্ব ভারতকে আজ প্রত্যাশার চোখে দেখে।**

**৪) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুনদিল্লিতে সাতটি বিভাগে ব্যতিক্রমী কৃতিত্বের জন্য ১৭ জন শিশুকে 'প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কার' প্রদান করেন।**

******************************************

**CM-Agartala :**

শ্রী শ্রী মহানামব্রত ব্রহ্মচারীর ১২১তম শুভ আবির্ভাব উপলক্ষে আজ শ্রী শ্রী মহানাম অঙ্গন আশ্রমে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন রাজ্যের মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা। তিনি আশ্রমের বিভিন্ন সামাজিক কাজের প্রসংশা করে বলেন বিভিন্ন অসামাজিক কাজ থেকে বিরত থেকে সামাজিক কাজে নিজেকে নিয়োজিত করতে পারলেই মানব ধর্ম পালনের স্বার্থকতা আসে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা

পুর নিগমের মেয়র দীপক মজুমদার, নিগমের কর্পোরেটর রত্না দত্ত সহ অন্যান্যরা। এখানে আজ শতাধিক দুঃস্থদের মধ্যে শীত বস্ত্র তুলে দেন মুখ্যমন্ত্রী সহ আমন্ত্রিত অতিথিরা।

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ আগরতলার কাঁসারী পট্টিস্থিত  পাড়া সুন্দরী কালীমন্দিরের সংস্কারের কাজ পরিদর্শন করেন। মুখ্যমন্ত্রী রাজ্যে সর্বক্ষেত্রেই উন্নয়ন তরান্বিত হয়েছে। তিনি বলেন রাজ্যে উন্নয়ন হচ্ছেনা বলে অভিযোগ করলেও দেশ বিদেশের পর্যটকরা রাজ্যের দর্শনীয় স্থানগুলি থেকে ধর্মীয় স্থানগুলির অগ্রগতির ভুয়সী প্রশংসা করছেন। মেয়র দীপক মজুমদার বলেন পাড়া সুন্দরী কালী মন্দিরটির অর্ধেকটাই মাটির নিচে চলে গিয়েছিল। দশ টন ওজনের মন্দিরটিকে অত্যাধুনিক পদ্ধতিতে মাটির নিচে থেকে ৭-ফুট উপরে তোলার ব্যবস্থা করে আগরতলা পুর নিগম। তিনি বলেন এই মন্দির সংস্কারের ক্ষেত্রে মোট ৩০ লক্ষ টাকা ব্যয় হবে।

******************************

**Sudhangsu Das :**

তপশিলি জাতি কল্যাণ, প্রাণী সম্পদ বিকাশ ও মৎস্য দপ্তরের মন্ত্রী সুধাংশু দাসের পৌরোহিত্যে আজ পশ্চিম ত্রিপুরা জেলা শাসকের কার্যালয়ে পশ্চিম জেলা ভিত্তিক একটি পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে উপস্থিত ছিলেন পশ্চিম ত্রিপুরা জেলার জেলাশাসক তথা সমাহর্তা ডাঃ বিশাল কুমার, আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, বিধায়ক রতন চক্রবর্তী, বিধায়িকা মীনা রানী সরকার, পশ্চিম ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি বলাই গোস্বামী সহ অন্যান্য অধিকারিকগণ।বৈঠকে ২০২৪-২৫ অর্থ বছরের বাজেটে তপশিলি জাতি কল্যাণ, প্রাণী সম্পদ বিকাশ ও মৎস্য দপ্তরের যেসকল লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছিল তা কতখানি বাস্তবায়িত করা গেছে সে ব্যাপারে আলোচনা হয়। পাশাপাশি দপ্তরগুলির প্রতিবন্ধকতাগুলির সমাধান বিষয়ে পরামর্শ নেওয়া হয়। মন্ত্রী শ্রী

দাস বলেন পশ্চিম জেলায় তপশিলি জাতি কল্যাণ দপ্তরের অধীনে কতজন ছাত্রছাত্রীকে স্কলারশিপ প্রদান করা হয়েছে, বিভিন্ন প্রকল্পগুলি ঠিকমত সবার কাছে পৌঁছানো হয়েছে কিনা সেই ব্যাপারে আলোচনা হয়। তাছাড়া মাছ, দুধ ও ডিমের উৎপাদনে পশ্চিম জেলার কতখানি অগ্রগতি হয়েছে সেব্যাপারেও আলোচনা হয় বলে মন্ত্রী জানান। তিনি বলেন তিনটি দপ্তর রাজ্যের জনগণকে সর্বোচ্চ সুবিধা প্রদানে বদ্ধপরিকর।

*****************************

**CMO :**

পশ্চিম জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক কার্যালয়ের উদ্যোগে আজ আইজিএম হাসপাতালে এনটিআই কনফারেন্স হলে এক অনুষ্ঠানে পশ্চিম জেলার পাঁচ জন আশা কর্মী ও তিনজন আশা ফেসিলিটেটরকে সংবর্ধনা জ্ঞাপন করা হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার বলেন সমাজকে সুন্দর, সুস্থ রাখাতে আশা কর্মীরা নিরন্তর কাজ করে যাচ্ছেন। একইসঙ্গে সরকারের স্বাস্থ্য ক্ষেত্রে বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচিগুলিও সমাজের অন্তিম ব্যক্তি পর্যন্ত পৌঁছে দিচ্ছেন তারা। আগামী দিনেও তারা এই কাজ অব্যাহত রাখবেন বলে তিনি আশা ব্যক্ত করেন। পশ্চিম জেলার মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডক্টর ঈশিতা গুহ স্বাগত ভাষণে বলেন পশ্চিম জেলায় ১৪৮০ জন আশা কর্মী রয়েছেন, আশা ফ্যাসিলিটেটরর রয়েছেন ৭১ জন। সারা রাজ্যে এখন পর্যন্ত আশা কর্মীর সংখ্যা ৭ হাজার ৮৫৮। আশা ফ্যাসিলিটেটর রয়েছেন ৪৩৬ জন। তিনি বলেন আশা কর্মীদের কাজে উৎসাহিত করতে পুরস্কার প্রদান করা হয়। আজকের অনুষ্ঠানে আইজিএম হাসপাতালের সুপার ডক্টর দেবশ্রী দেববর্মাও উপস্থিত ছিলেন।

**************************

**ASHA Convention :**

সিপাহীজলা জেলাভিত্তিক আশা সম্মেলন আজ সিপাহীজলা জেলা স্বাস্থ্য আধিকারিক অফিসের সভাগৃহে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানের উদ্বোধন করে জেলার অতিরিক্ত জেলাশাসক রিঙ্কু লেথার বলেন গোটা দেশের সঙ্গে এ রাজ্যেও স্বাস্থ্য দপ্তরের তৃণমূলস্তরের কার্য সম্পাদন করছেন আশা কর্মীরা। তিনি তাদের কাজের প্রশংসা করেন। সম্মেলনে গত ১ বছরের কাজের নিরিখে জেলার অন্তর্গত ৫ জন আশাকর্মী, ৩ জন আশা ফ্যাসিলিটেটর, ৮ জন আশা নোডাল অফিসার ও ৮টি স্বাস্থ্য কেন্দ্রকে পুরস্কৃত করা হয় এবং পুরস্কার প্রাপকদের সংবর্ধনা জানানো হয়। অনুষ্ঠানে জেলা টিকাকরণ আধিকারিক তথা দায়িত্বে থাকা জেলা স্বাস্থ্য আধিকারিক ডক্টর বীথিকা দাস, বিশালগড় ও সোনামুড়া মহকুমা স্বাস্থ্য আধিকারিক ডক্টর অরিজিৎ সিনহা, রাজেশ দাস, জেলা স্তরীয় আশা নোডাল অফিসার ডক্টর কুনাল দেববর্মন, স্টেট প্রোগ্রাম ম্যানেজার রাজীব ঘোষ প্রমুখ উপস্থিত ছিলেন।

*****************************

**CM-Scholarship :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা আজ তাঁর সরকারি বাসভবনে 'UPSC- Preliminary এবং Main পরীক্ষায় সফলভাবে উত্তীর্ণের হওয়ায় রাজ্য সরকারের বিশেষ প্রকল্প 'লক্ষ্যে' র অন্তর্গত স্কলারশিপের টাকা সাগর দত্ত মজুমদারের হাতে তুলে দেন। স্কলারশিপ বাবদ ৫ লক্ষ টাকার চেক দেন তিনি। তার উজ্জ্বল ভবিষ্যতের কামনা করে মুখ্যমন্ত্রী বলেন ছাত্রছাত্রী ও যুবারা হচ্ছে দেশের ও রাজ্যের সম্পদ। তাদের বিকশিত করাই সরকারের মূল লক্ষ্য।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ.

ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**Beer Baal Dibas :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি জোর দিয়ে বলেছেন যে তরুণদের শক্তির কারণে বিশ্ব ভারতকে আজ প্রত্যাশার চোখে দেখে। আজ নতুনদিল্লিতে ভারত মণ্ডপমে বীর বাল দিবসের অনুষ্ঠানে ভাষণে প্রধানমন্ত্রী বলেন, সরকারের নীতিতে সবচেয়ে বেশি আলোকপাত করা হয় তরুণদের ক্ষমতায়নে। তিন বলেন যে সমস্ত নীতি, স্টার্ট-আপ ইকোসিস্টেম, স্পেস ইকোনমি, খেলাধুলা, উৎপাদন শিল্প, দক্ষতা উন্নয়ন বা ইন্টার্নশিপ প্রকল্পগুলির লক্ষ্য যুবকেন্দ্রিক এবং সেগুলি তরুণদের উপকার করার জন্য। তিনি বলেন যে ছোটদের মধ্যে উদ্ভাবনকে উৎসাহিত করার জন্য দশ হাজারেরও বেশি অটল টিঙ্কারিং ল্যাব স্থাপন করা হয়েছে।

প্রধানমন্ত্রী বলেন, দেশের গণতন্ত্রের ব্যাপকতা গুরুদের শিক্ষা, সাহেবজাদাদের আত্মত্যাগ এবং জাতীয় ঐক্যের মন্ত্রকে মূর্ত করে। তিনি জোর দিয়ে বলেন যে সাহেবজাদাদের জীবন মানুষকে দেশ অখণ্ডতা ও আদর্শের সাথে আপস না করতে শেখায়। প্রধানমন্ত্রী বলেন যে বীর বাল দিবস আমাদের শেখায় যে জাতি এবং জাতীয় স্বার্থের চেয়ে বড় কিছু নয়।

প্রধানমন্ত্রী মোদি এক লক্ষ যুবককে রাজনীতিতে আনার বিষয়টি উল্লেখ করে বলেন যে এই উদ্যোগটি পরবর্তী ২৫ বছরের জন্য

অত্যন্ত গুরুত্বপূর্ণ এবং একটি নতুন প্রজন্মকে রাজনীতিতে আনতে তরুণদের এই প্রচারণার অংশ হবার আহ্বান জানান তিনি। তিনি ঘোষণা করেন যে আগামী বছরের শুরুতে স্বামী বিবেকানন্দের জন্মবার্ষিকীতে "Viksit Bharat Young Leaders Dialogue" অনুষ্ঠিত হবে। এতে দেশের গ্রাম ও শহর থেকে লক্ষ লক্ষ যুবক একটি উন্নত ভারতের জন্য দৃষ্টিভঙ্গি এবং পরিকল্পনা নিয়ে আলোচনা করবে।

****************************

**BJP, Veer Baal Diwas :**

শিখদের দশম গুরু গোবিন্দ সিংয়ের শিশু সন্তান সাহেবজাদা জোরওয়ার সিং এবং ফতেহ সিং মুঘলদের সঙ্গে যুদ্ধে বীরের মতো শহিদ হওয়ার স্মরণে, আজ 'বীর বাল দিবস' পালন করা হচ্ছে। কেন্দ্র সরকার এই বছরের ৯ জানুয়ারি এই দিবস পালনের কথা ঘোষণা করে। বিজেপি রাজ্য সদর দপ্তরে এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে দুই যোদ্ধার প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করেন বিজেপি দলের রাজ্য সাধারণ সম্পাদক ভগবান দাস। উপস্থিত ছিলেন মহিলা মোর্চার সভানেত্রী মিমি মজুমদার সহ অন্যান্য নেতৃবৃন্দ।

*****************************

**PM Rashtriya Bal Puraskar :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ নতুনদিল্লিতে সাতটি বিভাগে ব্যতিক্রমী কৃতিত্বের জন্য ১৭ জন শিশুকে 'প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কার' প্রদান করেন। ১৪টি রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চল থেকে আসা শিশুদের শিল্প ও সংস্কৃতি, সাহসিকতা, উদ্ভাবন, বিজ্ঞান ও প্রযুক্তি, সমাজসেবা, খেলাধুলা এবং পরিবেশ রক্ষায় তাদের কৃতিত্বের জন্য পুরস্কার দেয়া হয়। এই উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে রাষ্ট্রপতি বীর বাল দিবসে সাহেবজাদাদের সাহসিকতা ও আত্মত্যাগের প্রতি শ্রদ্ধা নিবেদন করেন। তিনি

তুলে ধরেন যে শিখদের দশম গুরু, গুরু গোবিন্দ সিং-এর ছোট ছেলেদের অতুলনীয় ত্যাগ ও সাহসের প্রতি সম্মান জানাতে প্রতি বছর এই দিনটি পালন করা হয়। পুরস্কার প্রাপ্ত শিশুদের অভিনন্দন জানিয়ে রাষ্ট্রপতি বলেন যে তাদের কাজ অসাধারণ এবং বিস্ময়কর। রাষ্ট্রপতি বলেন, সুযোগ প্রদান এবং শিশুদের প্রতিভাকে স্বীকৃতি দেওয়া দেশের ঐতিহ্যের একটি অংশ। তিনি বলেন, ২০৪৭ ভারতের স্বাধীনতার শতবর্ষে এই পুরস্কার বিজয়ীরা দেশের আলোকিত নাগরিক হবেন। তিনি বলেন, এই ধরনের প্রতিভাবান ছেলে-মেয়েরাই উন্নত ভারতের নির্মাতা হয়ে উঠবে।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিও প্রধানমন্ত্রী রাষ্ট্রীয় বাল পুরস্কারপ্রাপ্তদের সঙ্গে মতবিনিময় করেন।

*************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ২৯শে ডিসেম্বর রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১১৭তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং নম: APP-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. 1800-11-7800 নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। ফোনলাইন আগামীকাল পর্যন্ত খোলা থাকবে। এছাড়াও, 1922 নম্বরে মিস-কল দিলে যে লিঙ্ক পাওয়া যাবে, তাতেও SMS করা যাবে।

****************************

**CPI :**

আগরতলা কৃষ্ণনগর সি পি আই রাজ্য কমিটির উদ্যোগে দলীয় কার্যালয়ে সংগঠনের শতবর্ষপূর্তি উদযাপন করা হয়। এই উপলক্ষে

আয়োজিত অনুষ্ঠানে দলীয় পতাকা উত্তোলন ও শহীদ বেদীতে মাল্যদান করা হয়। দলীয় পতাকা উত্তোলন করেন সিপিআই এর রাজ্য সম্পাদক ডক্টর যুধিষ্ঠির দাস। উপস্থিত ছিলেন সংগঠনের সহ সম্পাদক মিলন বৈদ্য সহ অন্যান্যরা। পরে দিনটির তাৎপর্য নিয়ে আলোচনায় ডক্টর দাস সবাইকে ঐক্যবদ্ধ ভাবে সাম্রাজ্যবাদ ও সাম্প্রদায়িকতার বিরুদ্ধে আন্দোলনে সামিল হওয়ার আহ্বান জানান।

**************************

**Sadar 13 Cricket :**

টিসিএ পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার আজ চারটি খেলা হয়। এতে নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে এন এস আর সি সি ১৬১ রানে মৌচাক কোচিং সেন্টারকে, নেপকো মাঠে জিবি প্লে সেন্টার ৭ উইকেটে প্রগতি প্লে সেন্টারকে, বি কে এন ভি মাঠে কর্ণেল চৌমুহনী কোচিং সেন্টার ৪ উইকেটে ক্রিকেট অনুরাগী কোচিং সেন্টারকে এবং আম্বেদকর স্কুল মাঠে মডার্ন ক্রিকেট একাডেমি ৩২ রানে বাধারঘাট কোচিং সেন্টারকে পরাজিত করে।

**************************************

**Vijay Hazare :**

বিজয় হাজারে ট্রফি সিনিয়র ক্রিকেটের একদিনের সীমিত ওভারের আসরে ত্রিপুরা ও বাংলার মধ্যে গ্রুপের তৃতীয় খেলাটি বৃষ্টিতে মাঝপথে পরিত্যক্ত হয়েছে। আজ হায়দ্রাবাদে অনুষ্ঠিত খেলায় প্রথমে ব্যাট করতে নেমে ত্রিপুরা ২৫ ওভারে ৭ উইকেটে ২০১ রান করে। জবাবে বাংলা ৬ ওভার ২ বল-এ ২ উইকেট হারিয়ে ৪২ রান তোলার পর বৃষ্টিতে খেলা বন্ধ হয়ে যায় এবং পরিত্যক্ত হয়।

****************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিস্কার থাকবে। সকালে হালকা কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৭ দশমিক আট ডিগ্রী সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৪ দশমিক তিন ডিগ্রী সেলসিয়াস।

***************************